

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৫

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ কুরআন শিক্ষা দেওয়ার ব্যাপারে উৎসাহ প্রদান, যদিও সে ব্যক্তি পরিপূর্ণভাবে শিক্ষা করতে না পারে

ذِكْرُ الْحَثِّ عَلَى تَعْلِيمِ كِتَابِ اللَّهِ وَإِنْ لَمْ يَتَعَلَّمِ الْإِنْسَانُ بِالتَّمَامِ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّتَنَا حَبَّانُ أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ عَنْ مُوسَى بْنِ عَلِيِّ بْنِ رَبَاحٍ قَالَ سَمِعْتُ أَبِي يَقُولُ: سَمِعْتُ عُقْبَةَ بْنَ عَامِرٍ الْجُهَنِيَّ يَقُولُ خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَنَحْنُ فِي الصَّفَّةِ فَقَالَ: "أَيُّكُمْ يُحِبُّ أَنْ يَغْدُو إِلَى بُطْحَانَ أَوِ الْعَقِيقِ فَيَأْتِي كُلَّ يَوْمٍ وَسَلَّمَ وَنَحْنُ فِي الصَّفَّةِ فَقَالَ: "أَيُّكُمْ يُحِبُّ أَنْ يَغْدُو إِلَى بُطْحَانَ أَوِ الْعَقِيقِ فَيَأْتِي كُلَّ يَوْمٍ بِنَاقَتَيْنِ كَوْمَاوَيْنِ زَهْرَاوَيْنِ يَأْخُذُهُمَا فِي غَيْرِ إِثْمٍ وَلَا قَطِيعَةِ رَحِمٍ"؟ قَالُوا: كُلُّنَا يَا رَسُولَ اللَّهِ عَنْ لِإِنْم وَلَا قَطِيعَةِ رَحِمٍ" وَلَا قَلْنَ يَغْدُو أَحَدُكُمْ إِلَى الْمَسْجِدِ اللَّهِ يُحِبُّ ذَلِكَ فَقَالَ رَسُولُ اللَّهِ حَلَيْ لَلَهُ عَلَيْهِ وَسَلَّمَ: "فَلَأَنْ يَغْذُو أَحَدُكُمْ إِلَى الْمَسْجِدِ فَيَتُعَلَّمَ آيَتَيْنِ مِنْ كَتَابِ اللَّهِ خَيْرٌ لَهُ مِنْ نَاقَتَيْنِ وَتَلَاثُ خَيْرٌ مِنْ تَلَاثٍ وَأَرْبَعٌ خَيْرٌ مِنْ عَلْم فَيْ الْمُسْجِدِ عَيْرٌ مِنْ كَتَابِ اللَّهِ خَيْرٌ لَهُ مِنْ نَاقَتَيْنِ وَتَلَاثُ خَيْرٌ مِنْ تَلَاثٍ وَأُرْبَعٌ خَيْرٌ مِنْ عَلَالًا عَمْ الْإِبِلِ" عَلَيْهِ مِنْ نَاقَتَيْنِ وَتَلَاثُ خَيْرٌ مِنْ تَلَاثٍ وَأُرْبَعٌ خَيْرٌ مِنْ الْإِبِلِ"

قَالَ أَبُو حَاتِمٍ: هَذَا الْخَبَرُ أُضْمِرَ فِيهِ كَلِمَةٌ وَهِيَ "لَوْ تَصَدَّقَ بِهَا" يُرِيدُ بِقَوْلِهِ فَيَتَعَلَّمَ آيَتَيْنِ مِنْ كِتَابِ اللَّهِ خَيْرٌ مِنْ نَاقَتَيْنِ وَثَلَاثٍ لَوْ تَصَدَّقَ بِهَا لِأَنَّ فَضْلَ تَعَلُّمِ آيَتَيْنِ مِنْ كِتَابِ مِنْ كِتَابِ اللَّهِ أَكْبَرُ مِنْ فَضْل نَاقَتَيْنِ وَثَلَاثٍ وَعِدَادِهِنَّ مِنَ الْإِبِلِ لَوْ تَصِدَّقَ بِهَا إِذْ مُحَالٌ أَنْ يُشَبِّهَ اللَّهِ أَكْبَرُ مِنْ فَضْل نَاقَتَيْنِ وَثَلَاثٍ وَعِدَادِهِنَّ مِنَ الْإِبِلِ لَوْ تَصِدَّقَ بِهَا إِذْ مُحَالٌ أَنْ يُشَبِّهَ مَنْ تَعَلَّمَ آيَتَيْنِ مِنْ كِتَابِ اللَّهِ فِي الْأَجْرِ بِمَنْ نَالَ بَعْضَ حُطَامِ الدُّنْيَا فَصَحَ بَمَا وصفت صحة ما ذكرت.

الراوي: عُقْبَة بْن عَامِرٍ الْجُهَنِيّ | المحدث: شعيب الأرنؤوط | المصدر: صحيح ابن حبان

الصفحة أو الرقم: 115 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

১১৫. উকবা বিন আমির রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া



সাল্লাম তাঁর হুজরা থেকে বের হলেন, এসময় আমরা মাসজিদে নববীর চত্ত্বরে ছিলাম। অতঃপর তিনি বললেন, 'তোমাদের মধ্যে কে পছন্দ করবে প্রত্যহ সকালে বুতহান বা আকীক নামক জায়গায় গিয়ে বড় কুঁজবিশিষ্ট্য, উজ্জ্বল শুভ বর্ণের দুটো উদ্ধী নিয়ে আসবে, অথচ এতে তার কোন পাপ হবে না বা আত্নীয়তার সম্পর্ক ছিন্ন করতে হবে না? সাহাবাগণ বললেন: 'আমরা সবাই তো এটা পছন্দ করি।' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'তোমাদের কারো প্রত্যহ সকালে মাসজিদে গিয়ে কুরআনের দুটো আয়াত শিক্ষা করা, এটা তার জন্য অবশ্যই দুটি উদ্ধী অপেক্ষা উত্তম; তিনটি আয়াত শিক্ষা করা তিনটি উদ্ধী অপেক্ষা উত্তম, চারটি আয়াত শিক্ষা করা অনুরূপ সংখ্যক উদ্ধী অপেক্ষা উত্তম।''[1]

আবু হাতিম রহিমাহুল্লাহ বলেন: "উক্ত হাদীসে একটি বাক্য উহ্য আছে। সেটি হলো: "اَلُوْ تَصَدُّقُ بِهَ" অর্থাৎ যদি সে তা সাদাকা করে দেয়। "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্যের উদ্দেশ্য হলো: কুরআনের দুটি আয়াত শিক্ষা করা দুই বা তিনটি উদ্ধী সাদাকা করার চেয়ে উত্তম। কেননা কুরআনের দুটি আয়াত শিক্ষা করা দুই বা তিনটি উদ্ধী সাদাকা করার চেয়ে উত্তম,এভাবে যে কোন পরিমান আয়াত শিক্ষা করা সমসংখ্যক উদ্ধী সাদাকা করার চেয়ে উত্তম। কেননা এটা অসম্ভব যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কুরআনের দুটো আয়াত শিক্ষা করার সাওয়াবের সাথে দুনিয়াবী কোন সম্পদ অর্জন করার সাথে উপমা দিবেন। এজন্য আমি এক্ষেত্রে যে ব্যাখ্যা উল্লেখ করেছি, সেটাই যথার্থ।"

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৮০৩; আবু দাউদ: ১৪৫৬; মুসান্নাফ ইবনু আবী শায়বা: ৩০০৭৪; মুসনাদ আহমাদ: ১৭৪০৮; তাবারানী আল কাবীর: ৭৯৯। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩০৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন